

বেসরকারি শিক্ষক-কর্মচারীদের জন্য বড় সুখবর!

অনলাইন ডেক্স

প্রকাশিত: ২০:০৬, ২৭ জুলাই ২০২৫



ছবি: সংগৃহীত।

×

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক ও কর্মচারীদের জন্য বেতন বৃদ্ধির সুখবর আসছে। সূত্র জানায়, সর্বোচ্চ ৭ হাজার টাকা পর্যন্ত বেতন বাড়ানোর প্রস্তাব ইতিমধ্যে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের (মাউশি) প্রশাসন শাখায় পাঠানো হয়েছে।

×

মাউশি সূত্রে জানা গেছে, বেতন বৃদ্ধির এই প্রস্তাবনায় নিম্নতম গ্রেডের কর্মচারীদের যেমন— আয়া ও পরিচ্ছন্নতাকর্মীদের বেতন ৫০০ টাকা পর্যন্ত বাড়ানো হচ্ছে। জুনিয়র শিক্ষকদের বেতন ৮০০ থেকে ১,০০০ টাকা পর্যন্ত বাড়বে।

বর্তমানে যেসব সহকারী শিক্ষক সাড়ে ১২ হাজার টাকা বেতনে কর্মরত, তাদের বেতন বাড়বে ১,২০০ থেকে ১,৫০০ টাকা পর্যন্ত। সিনিয়র সহকারী শিক্ষকদের বেতন বাড়বে ২,০০০ থেকে ৪,০০০ টাকা পর্যন্ত। কেউ কেউ পেতে পারেন ৫,০০০ টাকা পর্যন্ত বাড়তি বেতন।

সবচেয়ে বেশি সুবিধা পাবেন প্রধান শিক্ষকরা— তাদের বেতন প্রায় ৭,০০০ টাকা পর্যন্ত বাড়ানো হতে পারে বলে জানা গেছে।